

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৪/২০১৫

অভিযোগকারী : জনাব দেলাওয়ার বিন সিরাজ

পিতা-মৃত হাজী সিরাজ উদ্দিন  
২/২ আর কে মিশন রোড (গিফট ভেলী)  
৩য় তলা, ঢাকা-১২০৩।

প্রতিপক্ষ : জনাব মোঃ এমদাদুল হক

উপ-মহাব্যবস্থাপক

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়

সেনাকল্যাণ ভবন, ৫ম তলা

মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২২-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ তথ্য কমিশনে তাঁর দাখিলকৃত ৯১/২০১৪ নং অভিযোগের বিষয়ে ০৯-০২-২০১৫ তারিখে বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয় (এইচ আর ডি), সেনাকল্যাণ ভবন, ৫ম তলা, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ এমদাদুল হক এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ৯১/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্যমূল্য বাবদ ৬০ (ষাট) টাকা পরিশোধের অনুরোধ করেন। অভিযোগকারী তথ্যমূল্য পরিশোধ করে জমাকৃত টাকার রশিদ ও প্রার্থিত তথ্য চাইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ না করে সময় ক্ষেপণ করেন। পরবর্তিতে অভিযোগকারী মানিরিসিট ও চাহিত তথ্য ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেননি। এ কারণে তিনি বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয় (এইচ আর ডি) এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ এমদাদুল হক এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী তথ্যমূল্য পরিশোধের প্রমাণ হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে তাঁর কথোপকথন এর রেকর্ড সিডি আকারে অত্র অভিযোগের সাথে প্রেরণ করেছেন।

০২। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ হাজির। প্রতিপক্ষ বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, সেনাকল্যাণ ভবন, ৫ম তলা, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ এমদাদুল হক হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ৯১/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্যমূল্য বাবদ ৬০ (ষাট) টাকা পরিশোধের অনুরোধ করেন। অভিযোগকারী তথ্যমূল্য পরিশোধ করে জমাকৃত টাকার রশিদ ও প্রার্থিত তথ্য চাইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ না করে সময়ক্ষেপণ করেন। পরবর্তিতে চাহিত তথ্য ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেননি। এ প্রেক্ষিতে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: প: দ্র:)

০৪। প্রতিপক্ষ বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয় এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ এমদাদুল হক তার বক্তব্যে উল্লেখ করেন যে, কমিশন হতে নির্দেশ যাওয়ার পর সংশ্লিষ্ট বিভাগ হতে তথ্য সংগ্রহ করেন। বিগত ২০-১১-২০১৪ তারিখে অভিযোগকারী কর্তৃক প্রার্থিত তথ্যের মূল্য বাবদ ৬০/- টাকা জমা প্রদানের পর জমার রশিদ প্রস্তুত ও প্রার্থিত তথ্য প্রিন্ট করা পর্যন্ত অপেক্ষা করার জন্য অভিযোগকারীকে অনুরোধ করা হয়। কিন্তু তাকে অপেক্ষা করতে অনুরোধ করার কারণে তিনি ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং রশিদ ও তথ্যের জন্য অপেক্ষা না করে ব্যাংক থেকে দ্রুত প্রস্থান করেন। বার বার অনুরোধ করার পরও তাকে ফেরানো যায়নি। ফলে তাকে তথ্য মূল্যের রশিদ ও প্রার্থিত তথ্য প্রদান সম্ভব হয়নি। সংশ্লিষ্ট তথ্যাবলী ঐ দিন থেকেই প্রস্তুত রয়েছে যা তিনি গ্রহণ করতে আসেননি এবং কোন যোগাযোগও করেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) আজকে তথ্য নিয়ে এসেছেন এবং কমিশনের নির্দেশনা অনুযায়ী তা অভিযোগকারীকে অদ্যই সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কমিশন হতে নির্দেশ পাবার পর সংশ্লিষ্ট বিভাগ হতে তথ্য সংগ্রহপূর্বক অভিযোগকারীকে তথ্য সংগ্রহের জন্য পত্র প্রেরণ করেছেন তবে ভুল বুঝাবুঝির কারণে তথ্য প্রদান সম্ভব হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অদ্যই সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অদ্যই সরবরাহ করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার